



UNITED PEOPLES DEMOCRATIC FRONT (UPDF) ইউনাইটেড পিপলস ডেমোক্রেটিক ফ্রন্ট (ইউপিডিএফ)

(A political party based in the Chittagong Hill Tracts, Bangladesh)
Mailing Address :Swanirbhar bazaar, Khagrachari, Northern Chittagong Hill Tracts, Bangladesh.
Email. updfcht@yahoo.com Website: www.updfcht.com

Ref:

Date: ২৬ মে ২০২২

প্রেস বিজ্ঞপ্তি

সেনা ক্যাম্পের স্থলে এপিবিএন মোতায়েন 'পার্বত্য চুক্তি' লঙ্ঘন, সাধারণ পাহাড়ি ও নারী নিরাপত্তার ব্যাপারে গভীর উদ্বেগ

আইন শৃঙ্খলার দোহাই পেড়ে 'পরিত্যক্ত সেনা ক্যাম্পের স্থলে এপিবিএন মোতায়েনের' ক্ষমতাসীন দলের পদক্ষেপের পরিপ্রেক্ষিতে গভীর উদ্বেগ ও উৎকণ্ঠা জানিয়ে পার্বত্য চট্টগ্রামে পূর্ণস্বায়ত্তশাসনের দাবিতে আন্দোলনরত রাজনৈতিক দল ইউনাইটেড পিপলস ডেমোক্রেটিক ফ্রন্ট (ইউপিডিএফ)-এর মুখপাত্র অংগ্য মারমা আজ বুহম্পতিবার, ২৬ মে ২০২২ সংবাদ মাধ্যমে তীব্র প্রতিক্রিয়া ব্যক্ত করে এক বিবৃতি দিয়েছেন।

সংবাদ মাধ্যমে দেয়া বিবৃতিতে ইউপিডিএফ মুখপাত্র ক্ষমতাসীন দলের এ পদক্ষেপকে 'পার্বত্য চুক্তির' লঙ্ঘন, স্বরাষ্ট্র মন্ত্রণালয়ের অবৈধ '১১দফা নির্দেশনার'র নতুন সংস্করণ বলে মন্তব্য করেন। এতে সরকারি মদদপুষ্ট সন্ত্রাসী গোষ্ঠী বহাল তবিয়তে থেকে অপরাধ সংঘটিত করবে। অন্যদিকে সাধারণ পাহাড়ি ও নারীরা নিরাপত্তার হুমকির সম্মুখীন হবেন বলেও তিনি আশঙ্কা প্রকাশ করেছেন।

বিবৃতিতে পার্বত্য চট্টগ্রামের প্রকৃত পরিস্থিতির ব্যাপারে সরকারের মিথ্যাচার ও জনমনে বিভ্রান্তি সৃষ্টির অপপ্রয়াসের তীব্র নিন্দা জানিয়ে ইউপিডিএফ মুখপাত্র স্বরাষ্ট্রমন্ত্রী আসাদুজ্জামান কামালকে ২০১৮ সালের ১৮ আগস্ট খাগড়াছড়িতে বিজিবি সেক্টর সদর গেইটের সন্নিকটে সরকার-সেনা মদদপুষ্ট সশস্ত্র সন্ত্রাসীদের চাঞ্চল্যকর ৭ হত্যার ঘটনা স্মরণ করিয়ে দেন। পাহাড়ে নিরাপত্তা ও আইন শৃঙ্খলা রক্ষাকারী বাহিনীর আশ্রয় প্রদানে খুন-গুম-অপহরণ ও চাঁদাবাজি হচ্ছে বলে তিনি অভিযোগ করেন।

সম্প্রতি লামায় রাবার ইন্ডাস্ট্রিজ লিঃ কর্তৃক ক্ষতিগ্রস্ত মো ও ত্রিপুরাদের করণ অবস্থা পরিদর্শন না করে রাঙামাটিতে নৌ বিহার এবং সেনা ক্যাম্পের স্থলে এপিবিএন মোতায়েনের ঘোষণাকে তিনি পাহাড়ি জনগণের সাথে নিষ্ঠুর তামাশা বলেও মন্তব্য করেছেন।

বার্তা প্রেরক

নিরন চাকমা

প্রচার ও প্রকাশনা বিভাগ

ইউনাইটেড পিপলস ডেমোক্রেটিক ফ্রন্ট (ইউপিডিএফ)।